# Times Today BD

ডেস্ক রিপোর্ট | জাতীয় | 28 June, 2025

নোবেলজয়ী অর্থনীতিবিদ ও বাংলাদেশের বর্তমান প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের ৮৫তম জন্মদিনে শুভেচ্ছা জানিয়েছেন মেক্সিকোতে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত মুশফিকুল ফজল আনসারী।

শনিবার (২৮ জুন) নিজের ভেরিফায়েড ফেসবুক পেজে দেওয়া এক পোস্টে রাষ্ট্রদূত ইউনূসকে জন্মদিনের শুভেচ্ছা জানান।

তিনি লেখেন,

“বর্তমান যিনি গড়েছেন, ভবিষ্যতের পথ দেখাচ্ছেন সাহসের দীপ্তিতে—তাকেই জানাই জন্মদিনের আন্তরিক শুভেচ্ছা। আমাদের গর্ব, নোবেলজয়ী প্রফেসর মুহাম্মদ ইউনূস।”

শুভেচ্ছা বার্তায় রাষ্ট্রদূত আনসারী আরও উল্লেখ করেন,

“তার দূরদৃষ্টি জাগায় আশার আলো, আর শক্তি যোগায় গণতন্ত্র ও মানবিক মর্যাদার নিরন্তর সংগ্রামে।”

জাতীয় ও আন্তর্জাতিক পরিমণ্ডলে শুভেচ্ছার ঢল

ড. মুহাম্মদ ইউনূসের জন্মদিন উপলক্ষে দেশ-বিদেশের বহু গণ্যমান্য ব্যক্তি, আন্তর্জাতিক সংগঠন ও শুভানুধ্যায়ী তাঁকে শুভেচ্ছা জানিয়েছেন। সামাজিক যোগাযোগমাধ্যমে এ নিয়ে আলোচনাও চলছে বিস্তর।

## প্রেক্ষাপট: প্রধান উপদেষ্টা হিসেবে দায়িত্ব

গত বছরের জুলাই মাসে শুরু হওয়া কোটা সংস্কার আন্দোলন পরবর্তীতে দেশের রাজনৈতিক প্রেক্ষাপটে বড় পরিবর্তন আনে।ছাত্র ও জনগণের সম্মিলিত দাবিতে সরকারের পদত্যাগের পর ৮ আগস্ট একটি অন্তর্বর্তীকালীন সরকারের দায়িত্ব গ্রহণ করেন ড. মুহাম্মদ ইউনূস, যেখানে তিনি প্রধান উপদেষ্টা হিসেবে দায়িত্ব পালন করছেন।

বর্তমানে তাঁর নেতৃত্বেই বাংলাদেশের চলমান গণতান্ত্রিক উত্তরণ, অর্থনৈতিক পুনর্গঠন ও সুশাসন প্রতিষ্ঠার প্রয়াস চালানো হচ্ছে।

ড. ইউনূসের জন্মদিনে শুভেচ্ছা জানানোর এ ধারা, শুধু একজন ব্যক্তি নয়–গণতন্ত্র ও মানবিক মূল্যবোধের প্রতি শ্রদ্ধা নিবেদনেরও প্রতীক হয়ে উঠেছে।

ড. মুহাম্মদ ইউনূস ৮৫তম জন্মদিন রাষ্ট্রদূত মুশফিকুল ফজল আনসারী

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 22:26

URL: https://www.timestodaybd.com/national/7758073844